# দ্বিতীয়বার বিবাহ, স্বামীকে গাছে বেঁধে জুতোপেটা প্রথম পক্ষের স্ত্রীর

**নিজস্ব সংবাদদাতা, বোলপুর: দ্বিতীয় বিয়ে করায় যুবককে গাছে বেঁধে জুতোপেটা করল প্রথমপক্ষের স্ত্রী ও শ্বশুরবাড়ির লোকজন। খবর পেয়ে এলাকায় যায় পুলিশ এবং উত্তেজিত জনতার হাত থেকে যুবককে উদ্ধার করে নিয়ে যায়।**

বোলপুর থানার রায়পুর-সুপুর গ্রাম পঞ্চায়েতের নূরপুর গ্রামের ঘটনা। বোলপুরের একটি বেসরকারি হোমে গার্ডের কাজ করত ওই এলাকার বাসিন্দা সন্দীপ মজুমদার। বছর চারেক আগে তার বিয়ে হয়েছিল নূরপুর গ্রামের পিঙ্কির সঙ্গে। প্রথমে প্রেম, পরে দুই পরিবারের মতামত নিয়ে বিয়ে হয়েছিল সন্দীপ-পিঙ্কির।

কিন্তু বিয়ের পর থেকেই দু'জনের মধ্যে অশান্তি শুরু হয়। অভিযোগ, প্রায়ই নেশা করত সন্দীপ। পিঙ্কিকে মারধরও করত। নেশার কারণে কাজেও নিয়মিত যেত না। তাই বছর খানেক আগে চাকরি চলে যায় সন্দীপের। এরপর মাস ছয়েক আগে নতুন কাজের কথা বলে আসানসোল চলে যায়। যদিও সেখানে সে কী কাজ করত তা কেউ জানত না। সন্দীপের প্রথম পক্ষের শ্বশুরবাড়ির লোকজনের বক্তব্য, সেখানে গিয়ে আরও একটি বিয়ে করে সন্দীপ। দিন তিনেক আগে সেই ছবি সোশাল নেটওয়ার্কিং সাইটে পোস্ট করায় বিষয়টি জানাজানি হয়।

এরপর গতকাল সন্দীপ নিজের গ্রামের বাড়ি নূরপুরে ফিরে আসে। জানতে পারে পিঙ্কির পরিবারের লোকজন ও গ্রামবাসীরা তাকে নূরপুর ক্লাবের কাছে বেধড়ক মারধর শুরু করে। পরে ত াকে গাছে বেঁধে গণপিটুনি দেওয়া হয়। খবর পেয়ে তড়িঘড়ি বোলপুর থানার পুলিশ যায় এবং আহত অবস্থায় যুবককে উদ্ধার করে। তাকে চিকিৎসার জন্য বোলপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়।

# পিছিয়ে গেল আমডাঙার বোর্ড গঠন

**আমডাঙা, ২৯ আগস্ট:** এখনও থমথমে আমডাঙা। এলাকায় টহল দিচ্ছে পুলিশ। এদিকে ওদিকে ছড়িয়ে রয়েছে তাজাবোমা, গুলির খোল। একে একে হাসপাতালের দিকে যাচ্ছে রাজনৈতিক দলের আহত সমর্থকরা। কেউ বোমার আঘাতে আহত, কেউ গুলিবিদ্ধ হয়েছে। তৃণমূলের অভিযোগের পর রাতারাতি বদল করা হয়েছে আইসি-কে। অনির্দিষ্টকালের জন্য স্থগিত তাড়াবেরিয়া, বোদাই, মরিচায় বোর্ড গঠন।

আজ আমডাঙা থানার তাড়াবেরিয়া গ্রাম পঞ্চায়েতে বোর্ড গঠন ছিল। এই পঞ্চায়েতে মোট ১৯টি আসন। তার মধ্যে তৃণমূল ৯টি, সিপিআই(এম) ৭টি বিজেপি, কংগ্রেস ও নির্দল একটি করে আসন পেয়েছে। কে বোর্ড গঠন করবে তা নিয়ে গতকাল সকাল থেকেই তৃণমূল ও সিপিআই(এম)-এর মধ্যে সংঘর্ষ শুরু হয়। উত্তপ্ত ছিল মরিচা, বোদাই এলাকা। রাত গড়াতে সেই সংঘর্ষ গোলাগুলি, বোমাবাজিতে পরিণত হয়। ২ তৃণমূল কর্মী ও এক সিপিআই(এম) কর্মী সহ দু'পক্ষের তিন জনের মৃত্যু হয়। বোমা-গুলির আঘাতে বাড়তে থাকে আহতের সংখ্যা। পুলিশ যাতে এলাকায় ঢুকতে না পারে তারজন্য রাস্তা কেটে দেওয়া হয়। পরে অবশ্য পুলিশ আসে ওই এলাকায়। এখনও পর্যন্ত ১০ জনকে গ্রেফতার করা হয়েছে। তবে গোটা ঘটনার মূল পাণ্ডা পলাতক।

ঘটনায় আমডাঙা থানার আইসি-র বিরুদ্ধে পক্ষপাতিদের অভিযোগ তোলে তৃণমূল। রাতারাতি আইসি-র পদ থেকে সরিয়ে দেওয়া হয় মানস দাসকে। নতুন আইসি হিসেবে আনা হয়েছে তুষার বিশ্বাসকে। সকাল থেকে পুলিশ, র‍্যাফ ও কমব্যাট ফোর্স দিয়ে মুড়ে ফেলা হয়েছে এলাকা। স্থলপথের পাশাপাশি জলপথেও চলছে পুলিশি টহল। নতুন করে যাতে আর অশান্তি না ছড়ায় তার জন্যপ্রস্তুত প্রশাসন।

# মেয়েদের অসতর্ক মুহূর্তের ছবি তুলে ধৃত বারাসতের যুবক

নিজস্ব প্রতিনিধি: সল্টলেকের এলএ ব্লকের নিফট নামে ফ্যাশন ডিজাইনিং কলেজে পড়ুয়া তরুনীদের অশালীন ছবি তোলার অভিযোগে বিদ্যুৎ পাল নামে এক যুবককে গ্রেফতার করল বিধাননগর দক্ষিণ থানার পুলিশ। বিদ্যুৎ বারাসতের বাসিন্দা বলে জানা গিয়েছে। আজ তাকে বিধাননগর মহকুমা আদালতে তোলা হবে। ৩৫৪ডি দারায় মামলা রুজু করে তদন্ত শুরু করেছে বিধাননগর দক্ষিণ থানার পুলিশ। জানা গিয়েছে, গতকাল দুপুর বেলায় এলএ ব্লকের ওই ফ্যাশন টেকনোলজি কলেজ তেকে বেরিয়ে আসার সময় তরুনীদের পিছু নেয় বিদ্যুৎ। এরপর নির্দিষ্ট দূরত্ব থেকে তরুনীদের সামনে ও পেছন তেকে নানান কায়দা করে ছবি তুলতে শুরু করে। যাদের ছবি তোলা হয়েছিল

তাদের একজন এই ঘটনা দেখে ফেলে এবং বিদ্যুৎকে ধরে ফেলে জানতে চায় কেন সে ছবি তুলছিল। তাঁর মোবাইল ঘেঁটে দেখা যায় বহু মলিহার অশালীন ছবি রয়েছে তার মোবাইলে। এরপর খবর দেওয়া হয় বিধাননগর দক্ষিণ থানায়। দক্ষিণ থানার পুলিশ তাকে আটক করে নিয়ে যায় এবং রাতে তাকে জিজ্ঞাসাবাদ চালায়। জিজ্ঞাসাবাদের পর তাকে গ্রেফতার করা হয়। তার মোবাইল বাজেয়াপ্ত করা হয়। পুলিশ জানিয়েছে অভিযুক্ত যুবক মানসিক বিকারগ্রস্ত। সুন্দরী মেয়েদের ছবি তোলা নেশা তার। শহরের আনাচে কানাচে অসতর্ক অবস্থায় থাকা মেয়েদের ছবি চুলে বেড়াত সে।

# সিপিএমের লড়াইকে স্বাগত : জ্যোতিপ্রিয়

**নিজস্ব সংবাদদাতা, আমডাঙা:** 'আমডাঙার লড়াইয়ে সিপিআই(এম) ও বিজেপি-কে আহ্বান জানালাম। এবার লড়াই রাজনৈতিকভাবে হবে। সিপিআই(এম) বোমা আর গুলির রাজনীতি ছাড়া আর কিছু বোঝে না। ওরা একে ৪৭, এসএলআর নিয়ে রেখেছে।' গতরাতে বারাসত স্টেট জেনারেল হাসপাতালে আহত কর্মীদের দেখতে গিয়ে একথা বললেন উত্তর ২৪ পরগনা জেলা তৃণমূল সভাপতি জ্যোতিপ্রিয় মল্লিক।

আমডাঙা থানার অন্তর্গত তোড়াবেড়িয়া গ্রাম পঞ্চায়েতে বোর্ড গঠনকে কেন্দ্র করে গতকাল উত্তপ্ত হয়ে ওঠে এলাকা। নিহত হন দুই তৃণমূল ও এক সিপিআই(এম) কর্মী। আহত হন ২৮ জন। তাঁদের দেখতে গিয়ে জ্যোতিপ্রিয় মল্লিক সরাসরি আক্রমণ করেন সিপিআই(এম)-কে। বলেন, 'আমরা দেখতে চাই তৃণমূলকে মারার কত দম, কত ক্ষমতা আছে। খুনি যে কিনারায় থাকুক গ্রেফতার হবেই। বাংলাদেশ, পাকিস্তান থেকে অস্ত্র নিয়ে এসেছে সিপিআই(এম)। ৩৪ বছরের মজুত করা অস্ত্র ব্যবহার করছে ওরা। তাদের সাহায্য করছে বিএসএফ। ওদের কাজ এটাই। পশ্চিমবঙ্গে অশান্তি ছড়ানো। এই হামলা পূর্ব পরিকল্পিত। হত্যা করে তৃণমূলকে শেষ করা যাবে না। আমডাঙার মাটিতেই মোক্ষম জবাব দেব। জবাব দেবই।'

আমডাঙায় অস্ত্র মজুত করা নিয়ে জ্যোতিপ্রিয় পুলিশের গাফিলতি মানতে নারাজ। তিনি বলেন, 'পুলিশের কোনও গাফিলতি নেই।

সিপিআই(এম) কর্মীরা জেলার বিভিন্ন প্রান্ত থেকে বোমা জড়ো করেছে। মারাত্মক অস্ত্র মজুত রেখেছে। আমডাঙার কিছু এলাকার আছে যেখানে এই ঘটনাগুলো ঘটে। আমরা সব নজর রাখছি। এবার সব উশুল করব।'

# জাল নোট সহ গ্রেফতার ২

**নিজস্ব সংবাদদাতা, বহরমপুর:** সামশেরগঞ্জে জাল নোটসহ গ্রেফতার দুই যুবক। এর মধ্যে একজন বাংলাদেশি। গতকাল ৩৪ নম্বর জাতীয় সড়কের পিংলা মোড় থেকে তাদের গ্রেফতার করে সামশেরগঞ্জে থানার পুলিশ। তাদের কাছ থেকে ৮ লাখ ৩ হাজার টাকার জাল নোট উদ্ধার করা হয়েছে। ধৃতদের নাম রহিম শেখ ও মিজান শেখ। রহিমের বাড়ি বাংলাদেশের চাপাই নবাবগঞ্জ জেলার শ্যামপুরে। মিজান ঝাড়খণ্ডের রাজমহলের বাসিন্দা। এই ঘটনায় জড়িত আরও দু'জনের খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ। ধৃতদের আজ ১০ দিনের পুলিশ হেফাজতের আবেদন জানিয়ে জঙ্গিপুর মহকুমা আদালতে তোলা হয়।

পুলিশ সূত্রে খবর, গতকাল সকালে রহিম কাঁটাতার পেরিয়ে মালদার বৈষ্ণবনগরে ঢোকে। সেখানে তাকে আশ্রয় দেয় শোভাপুরের সাজু শেখ। সেখান থেকে তারা নদীপথে ধুলিয়ার ফেরিঘাটে পৌঁছায়। তার সঙ্গে ৩৭৯টি দু'হাজার টাকার ও ৯০টি ৫০০ টাকার জালনোট ছিল। প্রাথমিক জেলায় পুলিশ জানতে পারে, পিংলায় রহিম শেখের কাছ থেকে জাল নোট নেওয়ার কথা ছিল মিজান শেখ ও ঝাড়খণ্ডের অপর এক বাসিন্দা বিশু শেখ। সময়মতো মিজান সেখানে পৌঁছালে বিশু পৌঁছতে পারেনি। খবর পেয়ে পিংলা মোড় থেকে মিজান ও রহিমকে গ্রেফতার করে পুলিশ।

মিজান শেখের মা দ্বিতীয় নিকাহ করে নবাবগঞ্জের স্থায়ী বাসিন্দা। সেই সূত্রে বাংলাদেশে যাতায়াত করত বলে খবর। এ প্রসঙ্গে জেলা পুলিশ সুপার মুকেশ কুমার বলেন, ঘটনায় জড়িত অপর দু'জন সাজু শেখ ও বিশু শেখের খোঁজে তল্লাশি চালানো হচ্ছে।

জাল নোট পাচার চক্রে বারবার বাংলাদেশি যোগ মিলেছে। এদের সঙ্গে জেএমবি-র যোগ রয়েছে বলেও বারবার তদন্তে উঠে এসেছে। আজকের ঘটনায় কি ফের এই যোগ উঠে আসবে? তদন্ত শুরু হয়েছে।

# যৌন হেনস্থার দায়ে গ্রেফতার যুবক

**স্টাফ রিপোর্টার:** অভিযুক্ত ব্যক্তির নাম সইদুল শেখ। গতরাতে ক্যানিং স্টেশন থেকে গ্রেফতার করা হয় তাকে। যৌন হেনস্থার ঘটনাটি ঘটে চলতি মাসের ১৩ তারিখ। জেরায় অভিযুক্ত জানিয়েছে, এতদিন নাবালিকাকে যৌন হেনস্থার অভিযোগে এক ব্যক্তিকে গ্রেফতার করল বাসন্তী থানার পুলিশ। শিয়ালদা স্টেশনে ভিক্ষা করছিল। এবং সেখানেই থাকত।

চলতি মাসের ১৩ তারিখ। আট বছরের এক নাবালিকাকে ধর্ষণ করে। খুনের চেষ্টার অভিযোগ ওঠে সইদুলের বিরুদ্ধে। নাবালিকার পরিবারের তরফে থানায় অভিযোগ দায়ের করা হয়েছিল। কিন্তু ঘটনার পর থেকে পলাতক ছিল সইদুল।

এরপর সইদুলের পরিবারের সদস্যদের ফোনে আড়ি পাতা শুরু করে পুলিশ। গোপন সূত্রে খবর পায়, ক্যানিং স্টেশন সংলগ্ন এলাকায় পরিজনদের সঙ্গে দেখা করতে আসবে সইদুল। গতরাতে আসে সে। সেইমতো আগে থেকেই প্রস্তুত ছিল পুলিশ। গ্রেফতার করা হয় সইদুলকে।

পুলিশ জানিয়েছে, জিজ্ঞাসাবাদে সইদুল ধর্ষণের কথা স্বীকার করেছে। ধর্ষণের পর শিয়ালদা স্টেশনে থাকত সে। সেখানে ভিক্ষা করত। ফোন ট্যাপ করা হবে জেনে পরিবারের সদস্যদের সঙ্গে ফোনেও যোগাযোগ করত না সে।

বাসন্তী থানায় নিজের দোষ স্বীকার করে কান ধরে ওঠবোস করে সইদুল। এমনকী নিজেই নিজের শাস্তির কথা জানায়। পুলিশের কাছে আবেদন করে, গ্রেফতার না করে এক পা কেটে তাকে জীবন ভিক্ষা দিক সরকার।

# বালি ব্রিজে ট্যাক্সি গেল উল্টে

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া:** মঙ্গলবার সন্ধে ছটা নাগাদ বালি ব্রিজে দক্ষিণেশ্বর থেকে বালি দিকে যাওয়ার সময় থেকে একটি হলুদ ট্যাক্সি উল্টে যায়। ওই গাড়ির চালক গুরুতর আহত হন। তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। ট্যাক্সিটি প্রচণ্ড ক্ষতিগ্রস্ত হয়। তার ফলে মুহূর্তে বালি ব্রিজ একদিকের রাস্তা বন্ধ হয়ে গিয়েছিল। এক ঘণ্টা প্রচণ্ড যানজট হয়। তারপর পুলিশের সহযোগিতায় পরিস্থিতি স্বাভাবিক হয়।

# গঙ্গার ঘাটে নিখোঁজ বালকের দেহ উদ্ধার

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া:** হাওড়ার বালির নিমতলা বিওসি গ্রাউন্ডে সামনে জল আনতে গিয়ের নিখোঁজ নাবালক সালমানের দেহ মিলল। বালি বরেন্দ্র পাড়া গঙ্গারঘাট থেকে ওই বালকের দেহ পাওয়া যায়। প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে, জল আনতে গিয়ে সে গঙ্গায় পড়ে যায়। এই ঘটনার ফলে এলাকায় শোকের ছায়া নেমে আসে। বালি থানা মোহাম্মদ সালমানের দেহটিকে নিয়ে গিয়ে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। তিন দিন পরে নিখোঁজ নাবালকের দেহটি উদ্ধার হল।

# রাখি পূর্ণিমার দিনে হাওড়ায় তৃণমূল নেত্রীর উদ্দাম নৃত্য

নিজস্ব প্রতিনিধি: রাখিবন্ধন উৎসবে হিন্দি গানের সঙ্গে উদ্দাম নৃত্য। হাওড়া পুরসভার নয় নম্বর ওয়ার্ডের টিএমসি সভানেত্রী করবী ঘোষ আর তার ঘনিষ্ঠ এক টিএমসি মহিলা কর্মী মালা বন্দ্যোপাধ্যায়কে দেখা গেল নাচতে ডবলি ওয়ালে ডাবলি বাজা গানের তালে। স্টেজের ওপরেই বিভিন্ন হিন্দি গানে নাচ। স্টেজে রাখি বন্ধন উৎসবের ফ্লেক্সে রয়েছে রবীন্দ্রনাথ ও মমতা বন্দ্যোপাধ্যায়ের ছবি। সেই স্টেজেই এভাবে হিন্দি গানে ওয়ার্ড সভানেত্রীকে নাচতে দেখে দলের অন্দরেই শুরু হয়েছে জল্পনা। ইতিমধ্যে এই ভিডিও ভাইরাল হয়ে গিয়েছে।

হাওড়া সদরের টিএমসি সভাপতি ও রাজ্যের সমবায় মন্ত্রী অরূপ রায় জানান, বিষয়টি কোনওভাবেই মেনে নেওয়া যায় না। খতিয়ে দেখা হচ্ছে। প্রয়োজনে ব্যবস্থা নেওয়া হবে। তিনি আরও বলেন, মুখ্যমন্ত্রীর নির্দেশে সম্প্রীতি বজায় রাখতে জেলার বিভিন্ন জায়গায় সুষ্ঠু ও সুন্দরভাবে রাখিবন্ধন উৎসব করা হয়। সেখানে এধরনের ঘটনা কোনওভাবেই বরদাস্ত করা হবে না। যার বিরুদ্ধে এই অভিযোগ সেই টিএমসি নেত্রী সংবাদমাধ্যমকে কিছু বলতে রাজি হননি।

জেলা বিজেপি নেতা ওমপ্রকাশ সিং এই ঘটনার তীব্র নিন্দা করছেন। তিনি বলে, এটাই তৃণমূলের সংস্কৃতি। আমরা এর বিরুদ্ধে সবর হয়েছি।

# এবার মোমো গেমের আতঙ্ক হাওড়ার বাগনানে

নিজস্ব প্রতিনিধি: বুধবার সকাল ৯টা নাগাদ হাওড়ার বাগনান থানার দেউলটি ম্যানলোক গ্রামের কলেজ ছাত্র শেখর মুখোপাধ্যায়ের হোয়াটস অ্যাপ থেকে একটি মেসেজ পান। সেই মেসেজে শেখরকে মোমো গেম খেলার আহ্বান জানানো হয়। চাওয়া হয় শেখরের ছবি ও ঠিকানার প্রমাণপত্র হিসাবে আধার কার্ডের ছবি। কিন্তু শেখর তা দিতে রাজি না হওয়ার তাকে ইন্ডিয়াতে জঙ্গি হিসাবে ভাইরাল করার হুমকি দেওয়া হয়। এই ঘটনায় আতঙ্কিত হয়ে পড়েন ওই কলেজ ছাত্র। পুরো ঘটনা তার পরিবারকে জানান শেখর বিষয়টি জানিয়ে শেখর বাগনান থানায় অভিযোগ করেন। তবে এখনও মোমো গেম আতঙ্ক তাড়া করে বেড়াচ্ছে ওই যুবককে। তাতে দেওয়া হয়, সে যদি এই গেম না খেলে তাহলে তাকে ইন্ডিয়াতে জঙ্গি হিসাবে তার পরিচয় ভাইরাল করে দেওয়া হবে।



# ৪৯ কেজি আড় মাছ উঠল বঁড়শিতে

**নিজস্ব সংবাদদাতা, শক্তিপুর: বঁড়শিতে উঠে এল ৪৯ কেজি ওজনের ৪ ফুট লম্বা বিরল প্রজাতির একটি আড় মাছ। সেই ছবি সোশ্যাল মিডিয়ায় পোস্ট হতেই সকাল থেকে হুড়মুড় করে বাড়তে শুরু করল ওই মাছের দাম। এখনও পর্যন্ত মাছটির দাম উঠেছে ১১ হাজার টাকা। মাছটির দাম ২০ হাজার টাকা পর্যন্ত উঠতে পারে বলে আশাবাদী মৎস্যজীবীরা। বুধবার সকালে মুর্শিদাবাদের বৈদ্যপুরে বাবলা নদীতে বঁড়শি ফেলে মাছটি ডাঙায় তোলেন বসিসনি রাজবংশী নামে এক মৎস্যজীবী। বিরল প্রজাতির ওই বিশাল আকৃতির মাছ উঠতেই নদীপাড়ে ভিড় জমান বহু মানুষ। এরপর মাছের ছবি সোশ্যাল মিডিয়ায় পোস্ট হতেই এলাকায় চর্চা শুরু হয়। শুধু তাই নয়, দামও বাড়ছে চড়চড়িয়ে। ১১ হাজার টাকা দাম উঠেছে ওই মাছটির। যেভাবে প্রতি মুহূর্তে দাম বাড়ছে তা থেকে মাছটির দাম ২০ হাজার টাকা উঠতে পারে বলে অনুমান স্থানীয় মানুষদের। কৌতূহলী মানুষ মাছটির সঙ্গে সেলফি তুলতে ব্যস্ত হয়ে পড়েছে।**

## গতকালের সমাধান

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| 5 | 3 | 9 | 8 | 1 | 4 | 2 | 7 | 6 |
| 8 | 1 | 2 | 3 | 6 | 7 | 4 | 5 | 9 |
| 7 | 4 | 6 | 5 | 9 | 2 | 1 | 3 | 8 |
| 6 | 9 | 3 | 7 | 2 | 1 | 8 | 4 | 5 |
| 2 | 8 | 7 | 4 | 5 | 9 | 6 | 1 | 3 |
| 1 | 5 | 4 | 6 | 8 | 3 | 7 | 9 | 2 |
| 4 | 2 | 8 | 9 | 7 | 5 | 3 | 6 | 1 |
| 9 | 7 | 1 | 2 | 3 | 6 | 5 | 8 | 4 |
| 3 | 6 | 5 | 1 | 4 | 8 | 9 | 2 | 7 |

## আবহাওয়া

**পূর্বাভাস:** বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮৯ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।১৮, **সূর্যাস্ত:** ঘ ৫।৫৫। **জোয়ার:** বিকাল ৪.১০। **ভাঁটা:** সকাল ১১.২১।

## — সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

## সোনা-রুপোর বাজার দর

| | টাকা |
|---|---|
| পাকা সোনা (১০ গ্রাম): | ৩০,৬২৫ |
| গহনা সোনা (১০ গ্রাম): | ২৯,০৫৫ |
| হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম): | ২৯,৪৯০ |
| রুপোর বাট (প্রতি কেজি): | ৩৮,৪০০ |
| খুচরো রুপো (প্রতি কেজি): | ৩৮,৯০০ |

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

## মুদ্রা বিনিময় হার

**RBI REFERENCE RATE**

| | | |
|---|---|---|
| INR / 1 USD | : | 38.5246 |
| INR / 1 Euro | : | 79.8654 |
| INR / 100 Jap. YEN | : | 62.3600 |
| INR / 1 Pound Sterling | : | 90.6032 |

## শেয়ার সূচক

BSE 38,722.93 ▼ (-137.70)
NIFTY 11,691.90 ▲ (-46.60)

## শব্দলিপি- ১২৯৬

বিপ্রদাস গুঁই

**পাশাপাশি ঃ** ১। লঘু ৫। দ্রুত ছোটার জন্য ব্যবহৃত বাঁশের লাঠি ৬। প্রতিপত্তি ৭। অজপালক ৯। পানের খেত ১০। শ্রেষ্ঠ অভিনতায় শ্রীকৃষ্ণ ১২। সুর ভাঁজা ১৩। ঔৎসুক

**উপরনীচ ঃ** ১। কলকাতা কাঁপানো এক সময়ের ভিনপ্রদেশের ফুটবল খেলোয়াড় ২। নির্ধারিত দামের চেয়ে বেশি দামে জিনিস কেনাবেচা ৩। হাততালি ৪। সওয়াল জবাব ৬। চালচলন ৮। পেশাদার বাদক ৯। পচে নরম হওয়ার ভাব ১১। বাছাধন

**সমাধান ঃ শব্দলিপি - ১২৯৫**

**পাশাপাশি ঃ** ১। অমীমাংসিত ৪। বিরজা ৫। মকমক ৭। লড়াকু ৮। ললাম ১০। পাটাতন ১২। চয়ন ১৩। করালবদনা

**উপরনীচ ঃ** ১। অজাতকুজাত ২। মালুম ৩। তবক ৪। বিরল ৬। কমললোচনা ৯। মদন ১০। পাচক ১১। নসিব

## CHANGE OF NAME

**I, "MALLIKA DEY (New Name), previously called TUTUL DEY (OLD NAME), D/o Late Radha Ballav Dey, Doing-Others, resident of Merchant road, R.B.Dey Complex, P.S. Kotwali, Dist-Jalpaiguri, Pin-735101, W.B. hereby solemnly declare that I will be known / pronounced as "MALLIKA DEY" (New Name) in all the Government / private documents with immediate effect vide notary public affidavit before CMM's Court at Bankshall Court, Kolkata on 29.8.2018**

## CHANGE OF NAME

**I, MAHUA HALDER D/O BIMAL HALDER AND W/O JOYDEB DAS R/O NATUNPALLY 2ND LANE OLD CALCUTTA ROAD BARRACKPORE P.O. TALPUKUR W.B. PIN-700123 SHALL HENCEFORTH BE KNOWN AS MAHUA DAS VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON 29.08.2018**